


সংবাদ

১৩



ওসমানী মিলনায়তনে জব ফেয়ারের সেমিনারে বক্তব্য রাখছেন অধ্যাপক মোজাফফর আহমেদ

জব ফেয়ারে অধ্যাপক মোজাফফর আহমেদ দৃষ্টিভঙ্গি পাল্টে স্বকর্মসংস্থানে বেকারদের উদ্যোগী হতে হবে

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদ বলেছেন, কাজের সামাজিক ধারণার পরিবর্তন প্রয়োজন। শুধু চাকরি নয়, শিক্ষিত বেকার যুবকদের স্বকর্মসংস্থানের ক্ষেত্রে নিজেরই উদ্যোগী হতে হবে। দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। বেসরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) উদ্যোগে ওসমানী স্মৃতি মিলনায়তনে দু'দিনব্যাপী জব ফেয়ারের শেষদিন গতকাল সোমবার অনুষ্ঠিত সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। তিনি আরও বলেন, কমিউনিটি ফান্ড গঠনের মাধ্যমে সমাজের বেকার জনগোষ্ঠীকে স্বল্প পুঁজি দিয়ে সহযোগিতা করা যায়। এছাড়া ছোট ছোট উদ্যোগের মাধ্যমেও কর্মসংস্থানের সুযোগ করে নেয়া যায়।

সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলল এমপি, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ড. আবুল বারকাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মীজানুর রহমান, বিডি জবসের প্রধান নির্বাহী কর্মকর্তা একেএম ফাহিম মাহসুদ প্রমুখ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উন্নয়ন অন্বেষণের ইনোভেটর মনোয়ার মোস্তফা। স্বাগত বক্তব্য রাখেন জব ফেয়ার কমিটির চেয়ারম্যান ও যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম।

সেমিনারে বক্তারা বলেন, প্রযুক্তিগত উন্নয়ন ও সামাজিক খাতে সরকারি বিনিয়োগ বৃদ্ধির মধ্য দিয়ে উৎপাদনশীলতা বাড়ানোর উদ্যোগ একান্ত জরুরি। আর্থ-সামাজিক চাহিদা অনুযায়ী শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানো এখন সময়ের দাবি। বিশ্বায়নের যুগে বিপণন ব্যবস্থা আধুনিক না হওয়ায় ক্ষুদ্র উদ্যোগগুলো মুখ খুঁড়ে পড়ছে। বিনিয়োগের অনুকূল পরিবেশ, প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন, বিনিয়োগের ক্ষেত্রে আইনসহ বিভিন্ন ক্ষেত্রে নীতিনির্ধারকদের আবারও ভাবতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

জব ফেয়ারের সমাপনী অনুষ্ঠানে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী শাহ মোহাম্মদ আবুল হোসাইন বাছাইকৃতদের হাতে নিয়োগপত্র তুলে দেন।